গাংনীতে গাঁজাসহ আটক-৩

মেহেরপুরের গাংনী উপজেলার ইকুড়িয়া গ্রাম থেকে ৫০ গ্রাম গাঁজা সহ তিনজনকে আটক করেছে পুলিশ।

পুলিশ সুত্রে প্রকাশ, একদল মাদক কারবারি মাদক বিক্রয় ও সেবন করছে এমন সংবাদের ভিত্তিতে রবিবার রাতে এস আই ফরহাদ আলি ও এ এস আই শাকিল খান সঙ্গীয় ফোর্স নিয়ে গাঁজা সেবনরত অবস্থায় তাদের আটক করে।

আটককৃতরা হলো, উপজেলার হেমায়েতপুর গ্রামের ঈদগাহ পাড়ার মিনারুল ইসলামের ছেলে মিঠুন, একই গ্রামের মন্ডল পাড়ার আনারুল ইসলামের ছেলে মজনু ও গোপালনগর গ্রামের জাহিদুল ইসলামের ছেলে বিদ্যুৎ।

ভার-প্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমানা জানান, আটককৃতদের মাদক মামলায় মেহেরপুর কোর্টে প্রেরণ করা হবে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর, চুয়াডাঙ্গা সহ ৩ বিভাগে তেল পাম্পে ধর্মঘট: বিপাকে গাড়ি চালকসহ সাধারণ জনগণ

মেহেরপুর সহ খুলনা বিভাগের ১০ জেলা সেই সাথে রংপুর ও রাজশাহী বিভাগের সকল ট্যাংকলরী মালিক-শ্রমিক ও জ্বালানী তেল ব্যবসায়ীরা ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি ঘোষনা করেছে।
গতকাল রবিবার সকাল থেকে খুলনা, রাজশাহী, রংপুর বিভাগের সব জেলাতে তেল উৎপাদন, বিক্রয় ও পরিবহন বন্ধ রেখেছে মালিক-শ্রমিকরা।

বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতি, বাংলাদেশ ট্রাংক লরি ওনার্স অ্যাসোসিয়েশন, খুলনা বিভাগীয় ট্যাংকলরি শ্রমিক ইউনিয়ন ও পদ্মা, মেঘনা, যমুনা ট্যাংকলরি শ্রমিক সমিতির উদ্যোগে জ্বালানি তেল বিক্রয়ের প্রচলিত কমিশন কমপক্ষে ৭.৫% করা।

জ্বালানি তেল ব্যবসায়ীরা কমিশন এজেন্ট নাকি উৎপাদনকারী প্রতিষ্ঠান? এ বিষয়টি সুনির্দিষ্ট করা, প্রিমিয়াম পরিষোধ সাপেক্ষে ট্যাংকলরি শ্রমিকদের ৫ লক্ষ টাকা দুর্ঘটনা বিমা প্রদানসহ ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে তেল পাম্প গুলো অনির্দিষ্ট কালের জন্য ধর্মঘট শুরু করেছে।

সরেজমিনে গিয়ে দেখা যায়, মেহেরপুরের সব কটি তেল পাম্পে তেল বিক্রি বন্ধ রয়েছে।
মেহেরপুর পাম্প মালিক সমিতির সভাপতি নুর হোসেন আঙ্গুর জানান, এটি কেন্দ্রের সীদ্ধান্ত। দাবি মানা না হওয়া পর্যন্ত তেল বিক্রয় বন্ধ থাকবে।

এদিকে হটাৎ করেই তেল পাম্পগুলো ধর্মঘট শুরু করাই বিপাকে পড়েছে সাধারণ মানুষ। সেই সাথে সকল বাস-ট্রাক গুলো তেল না পেয়ে অনেকটা বাধ্য হয়েই চলাচল বন্ধ রেখেছে।

দর্শনা প্রতিনিধি জানান, গতকাল রবিবার থেকে চুয়াডাঙ্গা সহ সকল তেল পাম্প গুলো সকাল থেকে ধর্মঘট পালন করেছে পাম্প মালিকরা। এতে ভোগান্তিতে পড়েছে পরিবহনসহ মটর সাইকেল চালকরা।

গতকাল রবিবার থেকে খুলনা তিন বিভাগের ১৫ দফা দাবিতে এ ধর্মঘট পালন করেছে পাম্পগুলো। এ ধর্মঘটের মধ্যে রয়েছে তেল বিক্রির কমিশন বৃদ্ধি, পেট্রোলপাম্প সংলগ্ন জমির ইজারা বাতিলসহ ১৫ দফা দাবিতে খুলনা বিভাগে সব পাম্পগুলো ভোর ৬ টা থেকে অনিদিষ্ট কালের জন্য শুরু করেছে।

দর্শনা তেল পাম্পে তেল কেনার জন্য যানবাহনের মালিক ও খুচরা ব্যাবসায়ীদের তেল কিনতে হুমড়ি খেয়ে পড়তে দেখা গেছে। বাংলাদেশ পেট্রোলপাম্প ও ট্যংকলরি মালিক শ্রমিক ঐক্য পরিষদের ১৫ দফা দাবি জ্বালানি তেল বিক্রয়ের প্রচলিত কমিশন কমপক্ষে ৭ শতাংশ নিধারণ করা, জ্বালানি তেল ব্যাবসায়ীদের কমিশন, উৎপাদন কারী প্রতিষ্ঠান নাকি পরিবেশক পরিশোধ করবেন সেটা সুনির্দিষ্ট করা, প্রিমিয়াম পরিশোধ সাপেক্ষে ট্যাংলরির শ্রমিকদের ৫ লাখ টাকা পর্যন্ত দৃর্ঘটনা বিমা প্রদানের নীতিমালা প্রনয়ন করা, ট্যাংকলরির ভাড়া

বৃদ্ধি করা সহ ১৫ দফা দাবিতে দর্শনায় ধর্মঘট চলছে।

এতে করে প্রথম দিনই মানুষ চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে সেই সাথে খুচরা দোকানে বেশি দামে পেট্রোল বিক্রি করতে দেখা গেছে।

- প্রতিদিন ডেস্ক

গাংনী হাটবাজারের বিরুদ্ধে নানা চক্রান্তের অভিযোগ হাট মালিকের

গাংনী শহরের প্রাণ কেন্দ্রে অবস্থিত তহবাজারের হাটটি দীর্ঘদিনের। গাংনী উপজেলার কয়েক শত হাটের মধ্যে সব থেকে বড় ও জনবহল এ হাট।

কিন্তু সাম্প্রতিক সময়ে দেখা যাচ্ছে এ হাটকে কেন্দ্র করে রাজনীতি করছে আবার কেউ ষড়যন্ত করছে। হাটের বিরুদ্ধে রীতিমত চক্রান্তে নেমেছে বলে অভিযোগ করেছে বর্তমান হাটের ইজারাদার।

বিগত দিনের হাট পরিচালনার আলোকে হাট পরিচালনা করা হচ্ছে। এর বাইরে শুধু কিছু উন্নয়ন করা হয়েছে এ হাটের। কিছু নিয়ম পরিবর্তন করে পাল্টিয়ে দেওয়া হয়েছে হাটের পরিবেশ। আগের মত গন্ধ নেই, ময়লা আবর্জনাও নেই হাটের মধ্যে। ময়লা পরলে লোকজন গুছিয়ে নেয় তাৎক্ষনিক।

পাশপাশি পানি দিয়ে সমস্ত কিছু ভালো করে পরিস্কারের ব্যবস্থা করা হয়েছে। ছাড় দেওয়া হচ্ছে গরিব অসহায় ক্ষুদ্র ব্যবসায়ীদের খাজনা।

কিন্তু তারপরেও একটি নানা চক্রান্ত করছে এ হাটের বিরুদ্ধে। দেরশত বছর আগের হাটের জমির মালিকানা নিয়ে কেউ দাবি করছে আবার হাটের নির্মাণ করা টিনের সেড এরও দাবি করছে কেউ কেউ। কেউ বলছে আমার জমির পজিশনের সামনে আবার হাট কি এটাতো আমার নিজের জমি।

এমনই প্রতিদিনই নতুন নতুন অভিযোগ করছে।

- নিজস্ব প্রতিনিধি

হোগলবাড়িয়া হাজী ভরসউদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পুরনের নামে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

মেহেরপুর গাংনী উপজেলার হোগলবাড়িয়া হাজী ভরসউদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। স্কুলের পরীক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন কারণ দেখিয়ে অতিরিক্ত টাকা হাতিয়ে নিচ্ছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

হোগলবাড়িয়া হাজী ভরস উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় ফি আদায়ের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের কোনও নিয়ম নীতির তোয়াক্কা করছে না। অতিরিক্ত ফি আদায় নিয়ে শিক্ষার্থী ও অভিভাবক মহলে চাপা ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, এসএসসির ফরম পূরণে বিজ্ঞান বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৯৭০ টাকা এবং মানবিক বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৮৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। বোর্ড নির্ধারিত ফি’র চাইতে অতিরিক্ত ফি দিতে হিমশিম খাচ্ছেন অনেক অভিভাবক।

আবার অনেকেই তাদের ছেলে-মেয়ের ভবিষ্যত শিক্ষা জীবনের কথা চিন্তা করে ধার-দেনা করে টাকা দিতে বাধ্য হচ্ছেন। এতে অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ ও হতাশা লক্ষ্য করা গেছে।

একাধিক অভিভাবক অভিযোগ করে বলেন, শিক্ষকরা টাকা ছাড়া কিছুই বোঝেন না। শিক্ষকরা শিক্ষাকে ব্যবসা হিসেবে নিয়েছে।

প্রধান শিক্ষক মো: মহিদুজ্জান জানান, আমরা বোর্ড কর্তৃক নির্ধারিত ফি বাইরে একটি টাকাও নিচ্ছিনা। তবে তিনি বলেন আমরা

শিক্ষার্থীদেও কাছ থেকে ২০২০ সালের মার্চ পর্যন্ত বেতন নিয়েছি। অন্য বছরের বেতন নিতে পারেন কি না জানতে চাইলে কোন মন্তব্য করেননি।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বলেন, হাজী ভরসউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত ফিস নেওয়ার নিয়ম আছে।

অতিরিক্ত মাসের মাসিক বেতন নেওয়ার নিয়ম সংক্রান্ত কাগজপত্র দেখতে চাইলে, তিনি বলেন বোর্ড থেকে আমরা কোন নোটিশ পাইনা।

সাংবাদিকরা বোর্ড কর্তৃক অতিরিক্ত মাসের বেতন ও এসএসসির ফিস বেশি নেওয়ার নিয়ম নেই এ সংক্রান্ত কাগজ শিক্ষা অফিসারকে দেখালে তখন তিনি বলেন বিষয়টি আমার জানা নেই।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলার রহমান জানান, বোর্ড কর্তৃক নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত টাকা নিলে ব্যবস্থা নেয়া হবে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে নকলমুক্ত পরিবেশে পরীক্ষার লক্ষে মতবিনিময় সভা

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও হোগলবাড়ীয়া-মহাম্মদপুর হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দেওয়ার জন্য মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

প্রধান শিক্ষক হাসান আল নূরানী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা

রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইউ আর সি ইন্সট্রাকটর রবিউল ইসলাম।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুরশিদা খাতুন রিনা, সহকারী শিক্ষক জহুরুল ইসলামের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মতিউর রহমান, বিটিডি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইফাজুল হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রধান শিক্ষক আনিচুর রহমানসহ আসন্ন এসএসসি পরীক্ষার্থীরা।

দ্বিতীয়ার্ধে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় হোগলবাড়ীয়া-মহাম্মদপুর ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে। প্রধান শিক্ষক মহিদুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার। এ সময় আরো উপস্থিত ছিলেন, এমএইচএ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রফিকুল ইসলাম, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক নজরুল ইসলাম, মটমুড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক বাকের আলীসহ আসন্ন এসএসসি পরীক্ষার্থীরা। প্রধান অতিথির বক্তব্যে পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরা ব্যবহারের বিষয়টি অধিক গুরুত্ব পেয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধা যাচাই বাছায় কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমিটির যাচাই বাছায় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার বিকেলে উপজেলা প্রশাসন আয়োজিত পরিষদের সভা কক্ষে অনুষ্ঠানে সঞ্চালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা

রহমান।

সাবেক এমপি ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেন এর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এ সময় মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, সাংবাদিক আমিরুল ইসলাম, রমজান আলি, ফারুক আহম্মেদ, এ সিদ্দিকী শাহীন, তোফায়েল আহম্মেদ বক্তব্য রাখেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে র্যাব ক্যাম্প পরিদর্শন করলেন দুই লেঃ কর্ণেল

মেহেরপুর জেলার গাংনী উপজেলা র্যাব ক্যাম্প পরিদর্শন করলেন লেঃ কর্ণেল পদমর্যাদার দু’জন কর্মকর্তা তাঁরা হলেন- লেঃ কর্ণেল ইউসুব সালেহীন (সিও) র্যাব-৬ ও লেঃ কর্ণেল রাকিবুল ইসলাম (সিও) র্যাব হেড কোয়াটার।

গতকাল শনিবার সকালে তাঁরা গাংনী র্যাব ক্যাম্প পরিদর্শন শেষে হেলিকপ্টার যোগে তাঁদের নিজ কর্মস্থলে ফিরে যান। কর্মকর্তারা ফিরে যাওয়ার সময় গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে হেলিকপ্টার দেখার জন্য মাঠের চারিপাশে উৎসুক জনতার ভীড় লক্ষ্য করা গেছে।

এ সময় আরো উপস্থিত ছিলেন, খুলনা সদর হেডকোয়াটারের ডিএডি জামান, পিও আজাদ হোসেন, ঝিনাইদহ ক্যাম্প কমান্ডার মাসুদুর রহমান, ডিএডি মনিরুজ্জামানসহ বামন্দি ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্সের ভারপ্রাপ্ত ষ্টেশন অফিসার ও তাঁর সহযোগীবৃন্দ।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের কাউন্সিল বন্ধ!

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগ সম্মেলনের দিন ৩০ নভেম্বর গতকাল শনিবার নির্ধারিত থাকলেও কোন নির্দিষ্ট কারণ ছাড়াই তা বন্ধের নির্দেশ দিয়েছেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসানের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

হঠাৎ করে এ ধরনের সিদ্ধান্তে ক্ষুদ্ধ ওই ইউনিয়নের সংশ্লিষ্ট নেতাকর্মীরা। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক নেতাকর্মীদের অনুরোধে বিষয়টি সরেজমিনে দেখার জন্য ওই এলাকায় যান।

সেখানে গিয়ে তিনি প্যান্ডেল তৈরীর আংশিক কাজ করা হয়েছে দেখতে পান। তবে বাকী কাজ বন্ধের বিষয়টিও তিনি জানতে পারেন।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক জানান, সংশ্লিষ্ট এলাকায় গিয়ে তিনি সরেজমিনে গিয়ে দেখেছেন কাউন্সিলের জন্য প্রস্তুতির আংশিক সম্পন্ন হয়েছে তবে জেলা কমিটির সাথে এলাকার নেতাকর্মীদের সাথে কোন আলোচনা বা সমন্বয় না করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন কেন বন্ধ করা হলো এ বিষয়টি আমার বোধগম্য নয়।

তবে তিনি ক্ষুদ্ধ নেতাকর্মীদের সাংগঠনিক নিয়মে ধৈর্য্যধারণ করার পরামর্শ দেন এবং যত তাড়াতাড়ি সম্ভব পুনরায় সম্মেলনের দিন তারিখ নির্ধারণ করে তা জানিয়ে দিবেন বলে আশ্বস্ত করেন।

তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগে কাউন্সিল বিষয়ে মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন জানান, যেহেতু থানা কাউন্সিল এখন হচ্ছে না তাই তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের কাউন্সিলটি পরে কোন এক দিন করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

শেখ হাসিনা ক্ষমতায় আসলে দেশ ও জনগনের উন্নয়ন হয়…এমপি সাহিদুজ্জামান

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যখনই ক্ষমতায় আসে তখনই এদেশের উন্নয়ন হয় দেশের সকল শ্রেনী পেশার মানুষের ভাগ্যের উন্নয়ন হয়। দেশের মানুষ নিশ্চিন্তে রাতে ঘুমাতে পারে।

তাদের ক্ষুধা দারিদ্রতার অভিশাপ থেকে মুক্ত করেন আমাদের নেত্রী জননেত্রী শেখ হাসিনা।

শনিবার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন গ্রাম পরিদর্শন কালে এমনটি বলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গণশুনানীর অংশ হিসেবে তিনি এলাকার সকল শ্রেনী পেশার মানুষের সাথে তাদের দাবি দাওয়ার কথা শোনেন এবং তাদের দাবি পূরণের প্রতিশ্রুতি দেন।

এমপি সাহিদুজ্জামানের আগমনে হিন্দা গ্রামে ফুল দিয়ে শুভেচ্ছা জানান,জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলি, তেতুলবাড়িয়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল্লা আল মামুন সহ স্থানীয় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

এমপি সাহিদুজ্জামান খোকনকে কাছে পেয়ে হিন্দা গ্রামের লোকজন তাদের দাবির কথা জানান। এসময় তারা এমপির নিকট একটি মসজিদ নির্মাণের সহযোগিতা দাবি করেন।

এমপি সাহিদুজ্জামান খোকন তাদেরকে একটি মসজিদ নির্মাণের সহযোগিতার পূর্ন আশ্বাস দেন। পরে তিনি ঐ গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনে যান সেখানে শিক্ষা ব্যবস্থা

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মখলেচুর রহমান, সাবেক ছাত্র নেতা শেখ আনিছুজ্জামান লুইছ সহ স্থানীয় জনপ্রতিনিধি সহ সকল স্তরের জনগণ উপস্থিৎ ছিলেন।

–গাংনী প্রতিনিধি

গাংনীতে তিন কেজি গাঁজা সহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রাম থেকে তিন কেজি গাঁজা সহ দু’মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

শুক্রবার বিকেলে গাাঁজা পাচারকালে তাদেরকে আটক করা হয়।

আটক মাদক ব্যবসায়ীরা হলো কুষ্টিয়ার দৌলতুপুর উপজেলার খলিসাকুন্ডি গ্রামের মৃত সিয়ামুদ্দিনের ছেলে মোঃ তারিক হোসেন অপর আসামী মেহেরপুরের গাংনী উপজেলার করমদি মধ্যো পাড়ার মৃত আজিজুল মন্ডলের ছেলে মোঃ হাফিজুর রহমান।

গাংনী থানা সুত্রে প্রকাশ,মাদক ব্যবসায়ী দু’জন তিন কেজি গাঁজা বিক্রয়ের উদ্দেশ্যে অটো গাড়িতে করে গাংনী রুট হয়ে হাটবোয়ালিয়া যাবে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার এসআই হাবিবুর রহমান (১), এএসআই আহসান হাবিব ও এএসআই রফিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাদেরকে আটক করে।

এসময় তাদের কাছ থেকে তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়।

ওসি ওবাইদুর রহমান জানান, আটক দু মাদক ব্যবসায়ীকে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক মেহেরপুর কোর্টে প্রেরণ করা হবে।

- গাংনী প্রতিনিধি